

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ / ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-১৪৭-আইন/২০২০/১০৮-মুসক। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫৮ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর Heading No. ২৪.০২ এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যের ক্ষেত্রে কলাম (৪) এ উল্লিখিত পরিমাণ সর্বোচ্চ খুচরা মূল্য ও কলাম (৫) এ উল্লিখিত হারে সম্পূরক শুল্ক নির্ধারণ করিল, যথা:-

শিরনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code)	পণ্য সামগ্রীর বিবরণ (Description of Goods)	সর্বোচ্চ খুচরামূল্য (Maximum Retail Price)	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)
২৪.০২	২৪০২.২০.০০	তামাকযুক্ত সিগারেট (Cigarettes Containing Tobacco, manufactured mechanically)	প্রতি দশ শলাকা সিগা রেটের বিক্রয়মূল্য (প্যাকেটের গা যে সিগারেটের সংখ্যা, সুস্পষ্ট লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিবার শর্তে)	
			নিম্নস্তর- ৩৯ টাকা ও তদুর্ধ্ব	৫৭
			মধ্যমস্তর- ৬৩ টাকা ও তদুর্ধ্ব	৬৫
			উচ্চস্তর- ৯৭ টাকা ও তদুর্ধ্ব	৬৫
		অতি উচ্চস্তর - ১২৮ টাকা ও তদুর্ধ্ব	৬৫	
	২৪০২.৯০.০০	যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরি বিড়ি (ফিল্টার বিশুক্ত)	৬.০০ টাকা (আট শলাকার প্রতি প্যাকেট)	৩০
			৯.০০ টাকা (বার শলাকার প্রতি প্যাকেট)	৩০
১৮.০০ টাকা (পঁচিশ শলাকার প্রতি প্যাকেট)			৩০	

শিরনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code)	পণ্য সামগ্রীর বিবরণ (Description of Goods)	সর্বোচ্চ খুচরামূল্য (Maximum Retail Price)	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)
		যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরি বিড়ি (ফিল্টার সংযুক্ত)	১০ টাকা (দশ শলাকার প্রতি প্যাকেট)	৪০
			১৯ টাকা (বিশ শলাকার প্রতি প্যাকেট)	৪০
২৪.০৩	২৪০৩.৯৯.০০	জর্দা	প্রতি দশ গ্রাম ৪০ টাকা	৫৫
		গুল	প্রতি দশ গ্রাম ২০ টাকা	৫৫

২। উপরি-উক্ত টেবিলের কলাম (৪) এ উল্লিখিত মূল্য মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য হিসাবে গণ্য হইবে এবং কলাম (৩) এ বর্ণিত পণ্যসামগ্রীর স্থানীয় সরবরাহ পর্যায়ে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, কলাম (৪) এ উল্লিখিত সর্বোচ্চ খুচরা মূল্যের উপর প্রযোজ্য হারে উৎপাদনস্থল হইতে সরবরাহের সময় পরিশোধ করিতে হইবে।

৩। এই বিভাগ কর্তৃক জারীকৃত ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১৮৫-আইন/২০১৯/৪২-মুসক এতদ্বারা রহিত করা হইল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ মাসুদ সাদিক)
সদস্য (মুসক নীতি)